# হবিগঞ্জে এনসিপির পদযাত্রায় হামলার মামলায় ১১ আসামির জামিন



ছবি: সংগৃহীত

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাকর্মীদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলায় জেলা ছাত্রদলের সভাপতি শাহ রাজীব আহমেদ রিংগনসহ ১১ আসামিকে জামিন দিয়েছেন আদালত।

রোববার (২ আগস্ট) হবিগঞ্জের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আবদুল মান্নান আত্মসমর্পণ করা আসামিদের জামিন আবেদন শুনানি শেষে তা মঞ্জুর করেন।

গত মঙ্গলবার (২৮ জুলাই) হবিগঞ্জে এনসিপির 'জুলাই পদযাত্রা' কর্মসূচিতে হামলার ঘটনা ঘটে। এতে দলের নেতা সারজিস আলমসহ কয়েকজন নেতাকর্মী আহত হন।

এ ঘটনায় ৩০ জুলাই জেলা ছাত্রদলের সভাপতি শাহ রাজীব আহমেদ রিংগনসহ ১১ জনের নাম উল্লেখ করে এবং আরও কয়েকজন অজ্ঞাত ব্যক্তিকে আসামি করে মামলা করেন হবিগঞ্জ জেলা যুবশক্তির আহ্বায়ক তন্ময় তাহের রুবেল।

রোববার আসামিরা আদালতে হাজির হয়ে জামিনের আবেদন করলে শুনানি শেষে আদালত তাদের জামিন মঞ্জুর করেন।

LENS ASIA